



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জনপ্রশাসন মন্ত্রণালয়  
বিদেশ প্রশিক্ষণ শাখা  
www.mopa.gov.bd



নম্বর ০৫.০০.০০০০.২০২.২৫.০১১.২২.৯৩

তারিখ: ২৮ ফাল্গুন ১৪২৯

১৩ মার্চ ২০২৩

### বিজ্ঞপ্তি

বিষয়: গভর্নেন্স ইনোভেশন ইউনিট (জিআইইউ), প্রধানমন্ত্রীর কার্যালয় ও হার্ভার্ড কেনেডি স্কুলের মধ্যে সমঝোতা স্মারকের আওতায় সিভিল সার্ভিস অনুষদ গঠন কার্যক্রমের অংশ হিসাবে আবেদনকারী কর্মকর্তাগণের চূড়ান্ত বাছাইয়ের লক্ষ্যে আগামী ১৬.০৩.২০২৩ তারিখে মৌখিক পরীক্ষা গ্রহণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, গভর্নেন্স ইনোভেশন ইউনিট (জিআইইউ), প্রধানমন্ত্রীর কার্যালয় ও হার্ভার্ড কেনেডি স্কুলের মধ্যে সমঝোতা স্মারকের আওতায় সিভিল সার্ভিস অনুষদে অন্তর্ভুক্তির জন্য সিভিল সার্ভিস অনুষদ বাছাই নির্দেশিকা, ২০২২ এর আলোকে আবেদনকারী কর্মকর্তাগণের চূড়ান্ত বাছাইয়ের নিমিত্ত মৌখিক পরীক্ষা আগামী ১৬.০৩.২০২৩ তারিখ বিকাল ০৩:০০ টা হতে **পরিশিষ্ট-ক** অনুযায়ী অতিরিক্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়ের সভাপতিত্বে তার অফিস কক্ষে (ভবন নং ০১, কক্ষ নং ২১১, ৩য় তলা) অনুষ্ঠিত হবে।

২। এমতাবস্থায়, উক্ত মৌখিক পরীক্ষায় অংশগ্রহণকারী কর্মকর্তাগণকে তাদের নিজ নিজ কর্মপরিধি / **Area of Interest** বিষয়ে ইংরেজীতে ০৫ (পাঁচ) মিনিটের একটি পাওয়ারপয়েন্ট উপস্থাপনাসহ যথাসময়ে উপস্থিত হওয়ার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। প্রস্তুতপূর্বক পাওয়ারপয়েন্ট উপস্থাপনা মৌখিক পরীক্ষার কমপক্ষে একদিন পূর্বে সিনিয়র সহকারী সচিব, বিদেশ প্রশিক্ষণ শাখা এর নিকট (ft@mopa.gov.bd) মেইল মারফত প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

১৩-৩-২০২৩

মোঃ শিমুল আকতার  
সিনিয়র সহকারী সচিব

ফোন: ৯৫৭৪৪২৬

ইমেইল: ft@mopa.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) অতিরিক্ত সচিব, অতিরিক্ত সচিবের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ২) অতিরিক্ত সচিব, ক্যারিয়ার প্ল্যানিং ও ট্রেনিং অনুবিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ৩) মহাপরিচালক, জি আই ইউ, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ৪) যুগ্মসচিব, অভ্যন্তরীণ এবং বিদেশ প্রশিক্ষণ অধিশাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ৫) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয় (প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৬) একান্ত সচিব, মুখ্য সচিবের দপ্তর, প্রধানমন্ত্রীর কার্যালয় (মুখ্য সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৭) উপসচিব, প্রশাসন-৪ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয় (মৌখিক পরীক্ষা উপলক্ষ্যে ৩০ জনের আপ্যায়নের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ৮) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয় (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।।
- ৯) সিনিয়র সিস্টেম এনালিস্ট, সিনিয়র সিস্টেম এনালিস্টের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয় (বিজ্ঞপ্তিটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশ এবং পরীক্ষা গ্রহণ অনুষ্ঠানে কারিগরি সহায়তা প্রদানের অনুরোধসহ)
- ১০) ব্যক্তিগত কর্মকর্তা, অতিরিক্ত সচিবের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ১১) ব্যক্তিগত কর্মকর্তা, সিপিটি অনুবিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয় [অতিরিক্ত সচিব (সিপিটি), মহোদয়ের সদয় অবগতির জন্য]
- ১২) ব্যক্তিগত কর্মকর্তা, অভ্যন্তরীণ এবং বিদেশ প্রশিক্ষণ অধিশাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়